

ব্যবসায়িক অংশীদারদের জন্য তথ্য - সার্টিফিকেট ও নিরাপত্তা সিল-এ পরিবর্তন

রপ্তানিকৃত সব কৃষি পণ্যের জন্য আমরা [আমাদের সার্টিফিকেট প্রদান ব্যবস্থার উন্নতি](#) ঘটাই।

এতে নিম্নলিখিতগুলোতে পরিবর্তন করা অন্তর্ভুক্ত রয়েছে:

- রপ্তানি সার্টিফিকেট
- স্বাস্থ্য বিষয়ক সার্টিফিকেটে স্বাক্ষর
- যেখানে বিভাগীয় সুরক্ষা সিল-এর প্রয়োজন সেখানে চালানের জন্য আসল সিল।

বাজারে প্রবেশাধিকারের জন্য আলাপ-আলোচনাকৃত ও সম্মত প্রত্যয়নসমূহ পরিবর্তিত হবে না।

রপ্তানি সার্টিফিকেট

রপ্তানি বিষয়ক সার্টিফিকেটে পরিবর্তনগুলো পণ্য অনুসারে ধাপে ধাপে ঘটবে। পণ্যটি কখন আমাদের নতুন রপ্তানি নথিভুক্তিকরণ ব্যবস্থা NEXDOC-তে লভ্য হয় তার ওপর এই সময়সূচি নির্ভর করবে।

[কখন পণ্যগুলি NEXDOC-তে লভ্য হবে](#) তা চেক করুন।

পরিবর্তনগুলিতে অন্তর্ভুক্ত রয়েছে:

- আগের মত ডিপার্টমেন্টের নামের পরিবর্তে *Australian Government* — নামটি ব্যবহার করা
- অস্ট্রেলিয়া সরকারের প্রতীকচিহ্ন ব্যবহার করা
- তাৎক্ষণিকভাবে সার্টিফিকেটের সত্যতা পরীক্ষা করার জন্য একটি অনন্য কুইক রিডার (QR) কোড যুক্ত করা
- সার্টিফিকেটের প্রথম পৃষ্ঠায় আঁটানো যাবে না এমন আরো তথ্য অন্তর্ভুক্ত করার জন্য প্রয়োজন অনুযায়ী বাড়তি পৃষ্ঠা সংযুক্ত করা
- কিছু কিছু সার্টিফিকেটে ফ্যাক্সিমিলি/ইলেক্ট্রনিক স্বাক্ষর ব্যবহার করা
- QR কোডসহ ইস্যু করা হলে - **সাধারণ কাগজে** সার্টিফিকেট ইস্যু করা।

এই পরিবর্তনগুলি শুধু কাগজের সার্টিফিকেটের জন্য। ইলেক্ট্রনিক সার্টিফিকেট প্রদান ব্যবস্থায় (eCert) কোনো পরিবর্তন ঘটবে না।

সংযুক্ত কুইক রিডার (QR) কোড

নতুন সাধারণ কাগজের সার্টিফিকেটগুলিতে অনন্য QR কোড অন্তর্ভুক্ত করা হবে। এটি একটি বাড়তি নিরাপত্তা বৈশিষ্ট্য।

ব্যবহারকারীরা সার্টিফিকেটের সারসংক্ষেপ দেখতে QR কোডটি স্ক্যান করতে পারেন। তারা বিভিন্ন তথ্য নিশ্চিত করার জন্য এটি ব্যবহার করতে পারেন, যেমন:

- সার্টিফিকেটের নম্বর
- পণ্যের ধরন
- সার্টিফিকেটের বর্তমান অবস্থা
- রপ্তানিকারক
- প্রাপক
- প্রেরণের তারিখ।

QR কোডটি নিম্নলিখিত উপায় পড়া যাবে:

- QR কোড পড়তে সক্ষম এমন যে কোনো ডিভাইস

অথবা

- ডিপার্টমেন্টের সার্টিফিকেট স্ক্যানার মোবাইল অ্যাপ্লিকেশন ব্যবহার করে - যা Android Google Play Store ও Apple App Store থেকে বিনামূল্যে পাওয়া যায়।

আপনি যদি সাধারণ QR কোড রিডার ব্যবহার করেন, তাহলে URLটি যে ডিপার্টমেন্ট অব এগ্রিকালচার অ্যান্ড ওয়াটার রিসোর্সেস-এর তার সত্যতা অবশ্যই যাচাই করবেন।

স্বাস্থ্য বিষয়ক সার্টিফিকেটে স্বাক্ষর

অস্ট্রেলিয়ায় মাংস, দুধ ও দুগ্ধজাত পণ্য, ডিম ও সামুদ্রিক খাদ্যের সব সার্টিফিকেট থেকে চীফ ভেটেরিনারি অফিসারের স্বাক্ষর অপসারণ করা হচ্ছে।

সার্টিফিকেট সত্যায়নের উপর ভিত্তি করে এই স্বাক্ষরের পরিবর্তে একজন জ্যেষ্ঠ ভেটেরিনারি অফিসার অথবা একজন অনুমোদিত কর্মকর্তার স্বাক্ষর ব্যবহার করা হবে।

2019 এর মে মাসের শেষদিক থেকে অস্ট্রেলিয়ায় ইস্যু করা সার্টিফিকেটে এই নতুন স্বাক্ষরকারীদের স্বাক্ষর দেখা যাবে।

কন্টেইনারের সুরক্ষা সিল

1 আগস্ট 2019 থেকে, রপ্তানি করা হবে এমন কন্টেইনারগুলিতে অস্ট্রেলিয়া সরকারের সুরক্ষা সিল দেখতে ভিন্ন হবে।

এই পরিবর্তন শুধু সেই সব চালানের ক্ষেত্রে প্রযোজ্য হবে যেখানে ডিপার্টমেন্টের সুরক্ষা সিল প্রয়োজন।

বর্তমানে কন্টেইনারের সিল

বর্তমানে কন্টেইনারের সিলগুলিতে 'A' অক্ষরটি সিল এর ক্রমিক নম্বরের ঠিক আগে লেখা থাকে। নিচের ছবিতে বর্তমান সিলগুলো দেখা যাচ্ছে।



কন্টেইনারের নতুন সিল

কন্টেইনারের নতুন সিলগুলিতে 'A' অক্ষরটি আর সিল এর ক্রমিক নম্বরের আগে লেখা থাকে না। নিচের ছবিতে কন্টেইনারের নতুন সিলগুলো দেখা যাচ্ছে।



1 আগস্ট 2019 এর আগে সিল করা যেসব চালান ট্রানজিটে রয়েছে সেগুলোতে বর্তমান সিল ব্যবহার করা হবে।

রপ্তানি নিয়ন্ত্রণ (নির্দেশিত পণ্য - সাধারণ) আদেশ 2005 অনুযায়ী হুডকা ও টেম্পার নির্দেশকারী সিলগুলোতে একটি অনন্য নম্বর থাকতে হবে।

সিল এর সুরক্ষা বৈশিষ্ট্যগুলিতে তখনও:

- একটি হুডকা অথবা একটি ধাতব ফিতায়ুক্ত সিল এর মধ্যে একটি অন্তর্ভুক্ত থাকবে
- টেম্পারের প্রমাণ থাকবে
- একটি অনন্য নম্বর বহন করবে
- ISO17712 ফ্রেইট কন্টেইনার – যান্ত্রিক সিল এর সাথে সঙ্গতিপূর্ণ হবে।

রপ্তানির ডকুমেন্ট সিস্টেম আপডেট

আমরা EXDOC-র পরিবর্তে একটি নতুন ব্যবস্থা চালু করছি যার নাম নেস্ট এক্সপোর্ট ডকুমেন্টেশন সিস্টেম (NEXDOC)।

NEXDOC অস্ট্রেলিয়ার রপ্তানির ডকুমেন্ট সিস্টেমকে আরো সুরক্ষিত এবং বাণিজ্যের অবস্থা পরিবর্তনের প্রতি সংবেদনশীল করবে। এতে আমদানিকারক দেশের অনুরোধকৃত পরিবর্তনগুলি অন্তর্ভুক্ত রয়েছে।

NEXDOC আমাদের বিদ্যমান সার্টিফিকেট প্রদান ব্যবস্থা অথবা রপ্তানির উপর আমাদের কর্তৃপক্ষীয় নিয়ন্ত্রণ পরিবর্তন করে না।

[NEXDOC ব্যবস্থায় উত্তরণ](#) সম্পর্কে আরো জানুন।

যোগাযোগ

আমরা নতুন রপ্তানি সার্টিফিকেট ও সুরক্ষা সিল-এর ব্যবস্থায় রূপান্তরের প্রক্রিয়াটিকে যাতে আরো মসৃণ করা যায় তা নিশ্চিত করার জন্য ব্যবসায়িক অংশীদারদের সঙ্গে কাজ করছি যাতে ব্যবসার কাজে ব্যাঘাত ন্যূনতম হয়।

যদি আপনার কোনো প্রশ্ন, মন্তব্য অথবা উদ্বেগ থাকে, তাহলে exports@agriculture.gov.au ইমেইল ঠিকানায় যোগাযোগ করুন